গাংনীতে নবাগত প্রাথমিক শিক্ষকদের সংবর্ধনা ও বার্ষিক মিলনমেলা

মেহেরপুরের গাংনীতে নবাগত প্রাথমিক শিক্ষকদের সংবর্ধনা ও বার্ষিক মিলনমেলা অনুষ্ঠিত হয়েছে। ‘সবার আগে বাংলাদেশ, প্রাণের টানে একস্রোতে’ এবং ‘প্রাথমিক শিক্ষার আলোয় গড়ব আগামীর বাংলাদেশ’ এই প্রতিপাদ্যে আজ রবিবার দিনব্যাপী এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সংগঠনের জেলা শাখার সভাপতি গোলাম ফারুকের সভাপতিত্বে অনুষ্ঠানে সঞ্চালনা করেন সংগঠনের উপজেলা সভাপতি মাহাবুবুর রহমান ও সাধারণ সম্পাদক নুরুল আমিন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন জেলা শাখার সভাপতি গোলাম ফারুক।

এতে আরও বক্তব্য দেন চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক নাসিরউদ্দীন এটম, আলমডাঙ্গা উপজেলা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ইকবাল হোসেন মুকুল, সংগঠনের নির্বাহী সভাপতি মাসুদুজ্জামান, সিনিয়র সহসভাপতি ও প্রধান শিক্ষক রাশিদুল হক, সাংগঠনিক সম্পাদক ও সহকারী শিক্ষক জসীমউদ্দিন, সহকারী শিক্ষক তানভীর কবির ও সাইফুল্লাহ এবং সহসভাপতি ও প্রধান শিক্ষক ফারুকে আযম।

অনুষ্ঠানের শুরুতে নবাগত প্রাথমিক শিক্ষকদের ফুলেল শুভেচ্ছা জানানো হয় এবং সংবর্ধনা দেওয়া হয়।

সভাপতির বক্তব্যে গোলাম ফারুক বলেন, তাঁদের সংগঠন শিক্ষকদের কল্যাণে কাজ করে যাচ্ছে। শিক্ষকদের পেশাগত উন্নয়নে সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার ওপর গুরুত্বারোপ করেন তিনি। বর্তমান সরকারকে শিক্ষাবান্ধব উল্লেখ করে তিনি আশা প্রকাশ করেন, শিক্ষকদের পদোন্নতিসহ বিভিন্ন সমস্যা সমাধানে সরকার কার্যকর উদ্যোগ নেবে। পাশাপাশি শিক্ষকদের নিজেদের পেশাগত দক্ষতা ও উন্নয়নে কাজ করার আহ্বান জানান তিনি।

অনুষ্ঠানে নবযোগদানকারী সহকারী শিক্ষকরা অংশগ্রহণ করতে পেরে এবং তাঁদের সম্মানে এমন আয়োজন করায় আয়োজকদের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।